

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

রেজিস্ট্রেশন শাখা

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

Website: www.bteb.gov.bd

স্মারক নং-বাকাশিবো/প্রঃ(রেজিঃ)/(সর্ট কোর্স)/২০১৭/১৫৭

তারিখঃ ২৪/০৪/২০১৭ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের আনুমোদনক্রমে অত্র বোর্ডের অধীন ৩ মাস মেয়াদি জাতীয় দক্ষতামান বেসিক (৩৬০ ঘন্টা) শিক্ষাক্রম পরিচালনাকারী সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে জানানো যাচ্ছে যে, ২০১৭ শিক্ষাবর্ষে (এপ্রিল-জুন) ভর্তিকৃত শিক্ষার্থীদের নিবন্ধনের জন্য Online -এ রেজিস্ট্রেশন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এমতাবস্থায়, আপনার প্রতিষ্ঠানে ভর্তিকৃত শিক্ষার্থীদের প্রয়োজনীয় তথ্য বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের (www.bteb.gov.bd) ওয়েব সাইটের মাধ্যমে ২৪/০৪/২০১৭ হতে ৩০/০৪/২০১৭ তারিখের মধ্যে Online -এ ডাটা এন্ট্রি সম্পন্ন করে প্রিন্ট আউট কপি রেজিস্ট্রেশন ফিসহ বোর্ডে দাখিল করতে হবে। উল্লেখ্য যে, প্রতি টেড-এ ০৫ (পাঁচ) জনের কম শিক্ষার্থীর ডাটা এন্ট্রি করা যাবে না এবং আসন সংখ্যার বেশীও অন-লাইনে পাঠানো যাবে না।

রেজিস্ট্রেশন ফি ৫০/= (পঞ্চাশ) টাকা, পরীক্ষার ফি ৩০০/- (তিনশত) টাকা ও সনদপত্র ফি বাবদ ১০০/- (একশত) টাকা সহ মোট ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা প্রতি শিক্ষার্থীর নিকট হতে আদায় করে একটি ব্যাংক ড্রাফটের মাধ্যমে "Hard copy" অনলাইন থেকে সংগ্রহ করে নিম্নে বর্ণিত সময়সূচি মোতাবেক বোর্ডে দাখিল করতে হবে। ব্যাংক ড্রাফট সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড -এর অনুকূলে সোনালী ব্যাংক লিঃ, আগারগাঁও শাখা, ঢাকা অথবা সোস্যাল ইসলামী ব্যাংক লিঃ, বেগম রোকেয়া সরণি, আগারগাঁও, ঢাকা হতে উত্তোলনযোগ্য হতে হবে।

বিভাগ ভিত্তিক প্রিন্ট কপি ও ব্যাংক ড্রাফট করা এবং জমা দেয়ার সময়সূচিঃ

ক্রমিক নং	বিভাগ	প্রিন্ট আউট হার্ডকপি ও ডিডি বোর্ডে জমা দেয়ার তারিখ	প্রতিষ্ঠানের ব্যাংক ড্রাফট করার সর্বশেষ তারিখ
০১.	রংপুর	০২/০৫/২০১৭	০২/০৫/২০১৭ তারিখ হতে শুরু হয়ে নির্ধারিত তারিখ বিভাগের প্রিন্ট আউট কপি জমা দেওয়ার তারিখ পর্যন্ত ডিডি/ পে-অর্ডার করা যাবে।
০২.	রাজশাহী	০৩/০৫/২০১৭	
০৩.	খুলনা	০৪/০৫/২০১৭	
০৪.	বরিশাল	০৭/০৫/২০১৭	
০৫.	সিলেট	০৮/০৫/২০১৭	
০৬.	চট্টগ্রাম	০৮/০৫/২০১৭	
০৭.	ঢাকা	০৯/০৫/২০১৭	

বিশেষ দৃষ্টব্যঃ

- আসন বৃদ্ধির চিঠির ফটোকপি "Hard copy" এর সাথে অবশ্যই জমা দিতে হবে।
- বোর্ড কর্তৃক নির্ধারিত তারিখে "Hard copy" ড্রাফটসহ বোর্ডে প্রেরণের সময় ফরোয়াডিং চিঠির নমুনা নিম্নরূপ।

ক্রমিক নং	শিক্ষাক্রমের নাম	কারিকুলাম কোড	ট্রেড কোড	অনুমোদিত আসন সংখ্যা	শিক্ষার্থী সংখ্যা	মন্তব্য

ফি সহ প্রিন্ট আউট কপি জমা দেওয়ার নির্দেশাবলীঃ

- (১) ২০১৬-১৭ অর্থ বছর পর্যন্ত অ্যাফিলিয়েশন ফি পরিশোধের প্রমাণপত্র।
- (২) অ্যাফিলিয়েশন/স্বীকৃতিপত্র/পত্র সমূহের ফটোকপি।
- (৩) Online ডাটা এন্ট্রির হার্ডকপি।
- (৪) নমুনা মোতাবেক ফরোয়াডিং চিঠি।
- (৫) নির্ধারিত তারিখে জমা প্রদানে ব্যর্থ হলে জরিমানা প্রদান করতে হবে যা কোন শিক্ষার্থীর উপর বর্তাবে না।
- (৬) প্রতি ট্রেড/শাখায় কমপক্ষে ০৫(পাঁচ)জন শিক্ষার্থী রেজিস্ট্রেশন করতে হবে এবং প্রতি ট্রেড/ টেকনোলজির জন্য আসন সংখ্যা ড্রপ আউটসহ সর্বোচ্চ ৪০ জন।

নিজাম উদ্দিন

২৪/০৪/২০১৭

(মোঃ নিজাম উদ্দিন)

উপ-সচিব (রেজিঃ)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

ঢাকা-১২০৭।

ফোন-৯১৩৩৪৮৪

সদয় অবগতি ও যথাযথ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো

০১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্র/এ, ঢাকা- ১২০৭।

০২। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

০৩। পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

০৪। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

০৫। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

০৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

(অত্র বিজ্ঞপ্তি ওয়েব সাইটে প্রচার করার জন্য আপনাকে অনুরোধ জানানো হলো)।

০৭। প্রোগ্রামার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

০৮। কারিকুলাম বিশেষজ্ঞ (সিট কোর্স), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

০৯। সহকারি পরীক্ষা নিয়ন্ত্রক (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১০। অধ্যক্ষ/ পরিচালক/ প্রতিষ্ঠান প্রধান.....

১১। সহকারি হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ফি গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো)।

১২। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

১৩। সংশ্লিষ্ট নথি।

নিজাম উদ্দিন

২৪/০৪/২০১৭

(মোঃ নিজাম উদ্দিন)

উপ-সচিব (রেজিঃ)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

ঢাকা-১২০৭।